

১ম পত্র

বাংলা - সাম্মানিক

প্রথম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে)

(বাংলা সাহিত্যের ইতিহাস)

- ১। (ক) বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? 'চণ্ডীদাস-সমস্যা'র উল্লেখ করে কাব্যটির সাহিত্যমূল্য বিচার করো। ১+১+১+০+৯
- অথবা (খ) মধ্যযুগীয় বাংলা সাহিত্যের ধারায় আরাকান রাজসভার সাহিত্যের অভিনবত্ব কোথায়? এই সূত্রে সৈয়দ আলাওলের কবিকৃতি আলোচনা করো। ৫+১০
- ২। যে-কোনো দুটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও :- ৫x২
- চর্যাপদ, পরাগলি মহাভারত, চৈতন্যভাগবত, কাশীরাম দাসের মহাভারত, কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল।
- ৩। (ক) বাংলা গদ্যের ইতিহাসে রামমোহন রায়ের অবদান সম্পর্কে আলোচনা করো। ১৫
- অথবা (খ) আধুনিক বাংলা কাব্যের ইতিহাসে কবি জীবনানন্দ দাশ অথবা বিষ্ণু দে-র স্বাতন্ত্র্যের পরিচয় দাও। ১৫
- ৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) ৫x২
- সংবাদ প্রভাকর, সবুজপত্র, বর্তমান ভারত, পরিচয়, পদাতিক
- ৫। (ক) বাংলা নাটক ও প্রহসন রচনায় মধুসূদন দত্তের দক্ষতার পরিচয় দাও। ১৫
- অথবা (খ) বাংলা ছোটগল্পের ধারায় জগদীশ গুপ্তের অবদান পর্যালোচনা করো। ১৫

৬। সংক্ষিপ্ত টীকা লেখো(যে-কোনো দুটি)

৫ X ২

রাজসিংহ, রক্তকরবী, অশনিসঙ্কেত, লালশালু, টিনের তলোয়ার।

(বাংলা ভাষার ইতিহাস)

৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে মধ্য ভারতীয় আর্যভাষার বিবর্তন সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা (খ) শব্দভাণ্ডার বলতে কি বোঝ ? বাংলা শব্দভাণ্ডারের প্রধান শ্রেণীবিভাজন দেখিয়ে তার মৌলিক উপাদান বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো।

৩ + ১২

৮। (ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো দুটি)

৫ X ২

সমীভবন, মধ্যস্বরগম, সমাক্ষরলোপ, শব্দদ্বৈত, সংকর শব্দ

অথবা (খ) ভাষাতাত্ত্বিক টীকা লেখো (যে-কোনো পাঁচটি)

২ X ৫

পাদ্রুকা, মোকদ্দমা, মন্দির, শাউড়ি, দাম, মাছ, কানু, রাই, আনারস, আস্তাবল।